দৈনিক সংবাদ

তারিখ ... 18 NOV 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬ ...

08

# বগুড়া মেডিক্যাল কলেজকে পূর্ণাঙ্গ করার দাবি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ সংগ্রামী ছাত্রছাত্রী ঐক্য পরিষদ অবিলম্বে এই কলেজকে পূর্ণাঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে পরিণত করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়। অনুষ্ঠানে ঐক্য পরিষদের পক্ষ থেকে শফিকুজ্জামান লিখিত বক্তব্য উপস্থাপন করেন।

লিখিত বক্তব্যে তিনি বলেন, শুধুমাত্র রাজনৈতিক উদ্দেশ্যে ও সম্পূর্ণ অপরিকল্পিতভাবে বগুড়াসহ পাঁচটি স্থানে মেডিক্যাল কলেজ স্থাপন করা হয়েছে। অন্যান্য স্থানে মেডিক্যাল কলেজের সঙ্গে ২৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল তৈরি করা

বগুড়া : পৃঃ ৮ কঃ ১

## বগুড়া : দাবি

(১ম পৃষ্ঠার পর)

হচ্ছে। সেখানে বগুড়ার একশ' শয্যাবিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতালকে সম্প্রসারণ করে মেডিক্যাল কলেজ হাসপাতাল হিসেবে চালু করার উদ্যোগ নেয়া হয়েছে।

তিনি বলেন, একটি পূর্ণাঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতাল করার জন্য যেখানে কমপক্ষে ৬০ একর জায়গা দরকার, সেখানে মোহাম্মদ আলী হাসপাতালের ব্যবহারযোগ্য ভূমি মাত্র ১২ একর। এটিকে কিছুতেই মেডিক্যাল কলেজ হাসপাতাল হিসেবে রূপান্তর করা সম্ভব নয়। তা সত্ত্বেও কলেজের অধ্যক্ষ মোহাম্মদ আলী হাসপাতালকে মেডিক্যাল কলেজ হাসপাতালে রূপান্তরের সুপারিশ করে বগুড়াবাসীকে ন্যায্য পাওনা থেকে বঞ্চিত এবং এখানে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের ভবিষ্যৎকে সীমাহীন অনিশ্চয়তার মধ্যে নিক্ষেপ করেছেন বলে তিনি অভিযোগ করেন।